দৈনিক ইনকিলাব

তারিখ AUG 22 1999
পৃ: ৩ কলাম ৩

১

## শিক্ষক স্বল্পতায় স্কুলে লেখাপড়ায় বিঘ্ন

চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার অন্তর্গত পাইকপাড়া ইউ জি উচ্চ বিদ্যালয় একটি ঐতিহ্যবাহী স্কুল। এই স্কুলটি ৭ নং ও ৮ নং ইউনিয়নের সংযোগস্থলে অবস্থিত। আমাদের স্কুলটির নাম পাইকপাড়া ইউ জি উচ্চ বিদ্যালয়। এই স্কুলটিতে অনেক দূরের গ্রাম থেকেও ছাত্রী-ছাত্রী লেখাপড়া করতে আসে। কিন্তু দুঃখের বিষয় আমদের এই বিদ্যালয়ে মাত্র ১৩ জন শিক্ষক। আমাদের বিদ্যালয়ে অনেক ছাত্র-ছাত্রী। তাই মাত্র ১৩ জন শিক্ষক দিয়ে আমাদের স্কুল চালানো যাচ্ছে না। প্রায় সময় আমাদের গ্রুপের ঘণ্টাগুলো করা সম্ভব হচ্ছে না। এতে আমাদের লেখাপড়ার অনেক ক্ষতি হচ্ছে।

এমতাবস্থায় কর্তৃপক্ষের নিকট আমার আকুল আবেদন এই যে, অনতিবিলম্বে আমাদের স্কুলে কয়েকজন শিক্ষক নিয়োগ করে আমাদের পড়ালেখার উন্নতি করে দিতে আপনার একান্ত মর্জি হয়।

—সামছুন নাহার, ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীর পক্ষ থেকে—
পাইকপাড়া ইউ জি উচ্চ বিদ্যালয়